# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৪০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৪১]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৩৭: কুরআন সম্বন্ধীয় বিবিধ রিওয়ায়াত

## جامع ما جاء في القرآن

আরবী

أَخْبَرَنِي عَمْرُو بْنُ مَنْصُورٍ قال: حَدَّثَنَا أَبُو جَعْفَرِ بْنُ نُفَيْلٍ قال: قَرَأْتُ عَلَى مَعْقِلِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ عِكْرِمَةَ بْنِ خَالِدٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ قال: أَقْرَأَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُورَةً فَبَيْنَا أَنَا فِي الْمَسْجِدِ جَالِسٌ إِذْ سَمِعْتُ رَجُلًا يَقْرَؤُهَا يُخَالِفُ قِرَاءَتِي فَقُلْتُ لَهُ: مَنْ عَلَّمَكَ هَذِهِ السُّورَةَ فَقَالَ: رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ لَا تُفَارِقْنِي حَتَّى نَأْتِيَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ هَذَا خَالَفَ قِرَاءَتِي فِي السُّورَةِ الَّتِي عَلَّمْتَنِي، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: اقْرَأْ يَا أُبَيُّ فَقَرَأْتُهَا فَقَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَحْسَنْتَ ، ثُمَّ قَالَ لِلرَّجُلِ: اقْرَأْ فَقَرَأَ فَخَالَفَ قِرَاءَتِي فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحْسَنْتَ، ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا أُبَيُّ: إِنَّهُ أُنْزِلَ الْقُرْآنُ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ كُلُّهُنَّ شَافٍ كَافٍ قَالَ أَبُو عَبْد الرَّحْمَنِ: مَعْقِلُ بْنُ عُبَيْدِ اللَّهِ لَيْسَ بِذَلِكَ الْقَوِيِّ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٤٦)، مسند احمد ٥/١١٤، ١٢٧، ١٢٨ (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 941 ـ حسن صحيح

বাংলা

৯৪০. ’আমর ইবনু মানসূর (রহ.) ..... উবাই ইবনু কা’ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) আমাকে একটি সূরাহ্ পড়িয়েছেন। আমি মসজিদে বসা থাকতেই শুনতে পেলাম, এক ব্যক্তি তা আমার কিরাআতের বিপরীত পাঠ করছে। আমি তাকে বললাম, তোমাকে এ সূরাহ কে শিখিয়েছে? সে ব্যক্তি বলল, রাসূলুল্লাহ (সা.)। আমি বললাম, আমার কাছ থেকে আলাদা হবে না, যতক্ষণ না আমি রাসূলুল্লাহ (সা.)-এর কাছে যাই। আমি তার কাছে এসে বললাম, হে আল্লাহর রসূল! আপনি আমাকে এ সূরাটি যেভাবে শিখিয়েছেন। ঐ ব্যক্তি তা উল্টোভাবে পাঠ করেছে। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, হে উবাই! তুমি তা পাঠ কর। আমি তা পাঠ করলে রাসূলুল্লাহ (সা.) আমাকে বললেন, তুমি ঠিক পাঠ করেছ। অতঃপর ঐ ব্যক্তিকে বললেন, তুমি পড়। সে আমার পড়ার বিপরীতরূপে পড়ল তাকেও রাসূলুল্লাহ (সা.) বললেন, তুমি ঠিকই পড়েছ। এরপর রাসূলুল্লাহ (সা.) বললেন, হে উবাই! ব্যাপার এই যে, কুরআন সাত প্রকার লুগাতে অবতীর্ণ হয়েছে। তার প্রত্যেক প্রকারই রোগ মুক্তি এবং উদ্দেশ্য অনুধাবনে যথেষ্ট। আবূ আবদুর রহমান (ইমাম নাসায়ী) বলেন, মা’কিল ইবনু ’উবায়দুল্লাহ হাদীস বর্ণনায় শক্তিশালী নয়।

## English

37. Collection Of What Was Narrated Concerning The Qur'an

It was narrated that Ubayy bin Ka'b said: The Messenger of Allah (ﷺ) taught me a surah, and when I was sitting in the masjid I heard a man reciting it in a way that was different from mine. I said to him: 'Who taught you this surah?' He said: 'The Messenger of Allah (ﷺ).' I said: 'Stay with me until we go to the Messenger of Allah (ﷺ).' So we came to him and I said: 'O Messenger of Allah, this man recites a surah that you taught me differently.' The Messenger of Allah (ﷺ) said: 'Recite, O Ubayy.' So I recited it, and the Messenger of Allah (ﷺ) said to me: 'You have done well.' Then he said to the man: 'Recite.' So he recited it and it was different to my recitation. The Messenger of Allah (ﷺ) said to him: 'You have done well.' Then the Messenger of Allah (ﷺ) said: 'O Ubayy, the Quran has been revealed with seven different modes of reciation, all of which are good and sound.

### ফুটনোট

সহীহ: ইবনু 'আবদুল বার “তামহীন” (৮/২৮৬), নাসায়ী'র “সুনানুল কুবরা” ১০১২, সহীহ আবু দাউদ ১৩২৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা’ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87314

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন